OLM সেবা এগিয়ে যাক

সোনার বাংলা গড়ার প্রত্যয়ে ব্যবসাবান্ধব পরিবেশ তৈরীর লক্ষ্যে আমদানিকারক, রপ্তানিকারক ও ইনডেন্টরদের অনলাইন নিবন্ধন সেবা অনলাইন লাইসেন্সিং মডিউল (OLM) চালু হয়েছে। এটি সরকার প্রবর্তিত ডিজিটাল বাংলাদেশ এর একটি সফল উদাহরণ।

## অনলাইন সেবা'র (OLM) সুবিধাসমূহঃ

১। বিশ্বের যেকোন স্থান থেকে সেবা গ্রহণ করা যায়।
২। আবেদন করতে বা নিবন্ধন সনদ পেতে অফিসে আসার প্রয়োজন নেই।
৩। ডকুমেন্টস এর হার্ডকপি দাখিল করতে হয় না।
৪। আবেদনের অনুমোদন প্রক্রিয়া কোন পর্যায় রয়েছে ট্র্যাকিং করে জানা যায়।
৫। দালাল বা মধ্যবর্তী লোকের সহায়তার প্রয়োজন নেই।
৬। সেবা গ্রহীতার সকল তথ্য কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ করা হচ্ছে।
৭। অর্থ, শ্রম ও সময় সাশ্রয়ী।

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর এর অনলাইন সেবা স্বচ্ছতা ও জবাবদিহীতামূলক। সেবা প্রদানের জন্য কোন সেবামূল্য নেয়া হয় না। দালাল বা তৃতীয় ব্যক্তির কথায় বিভ্রান্ত হবেন না। এ সেবা প্রাপ্তির জন্যে আবশিকভাবে একটি OLM ID/Account করতে হবে। নিজের/প্রতিষ্ঠানের সক্রিয় e-mail address ও মোবাইল নম্বর দিয়ে OLM ID/Account খুলুন। একটি গোপনীয় পাসওয়ার্ড দিন এবং নিরাপত্তার স্বার্থে নিজ তত্ত্বাবধানে সংরক্ষণ করুন। মনে রাখবেন আপনার OLM ID/Accountটি স্থায়ী। ভবিষ্যতে আপনার নিজ/প্রতিষ্ঠানের সনদ নবায়ন বা যেকোন তথ্য সংশোধন/পরিবর্তনে প্রতিবারই OLM ID/Account ব্যবহার করতে হবে। উল্লেখ্য, অনলাইন সেবা OLM চালুর পর গত ১ জুলাই ২০১৯ হতে ম্যানুয়াল পদ্ধতিতে নিবন্ধন বা সনদ প্রদান বন্ধ করে দেয়া হয়েছে।

**আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর**
জাতীয় ক্রীড়া পরিষদ টাওয়ার, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
ফোন: ০২-৯৫৫১৫৫৬, ই-মেইল: controller.chief@ccie.gov.bd

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি, কর্তৃক প্রকাশিত। প্রকাশকাল ১ জুলাই ২০২০ খ্রি.